

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-সহকারী পরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
বাগেরহাট।

স্মারক নং- ৫৮.০৩.৪০০১.০০৩.৩৪.০৩৩.১৬-

২২৩৬

তারিখঃ ১৮/১০/২০২৩ খ্রিঃ

প্রতিঃ সভাপতি/সম্পাদক,  
পূজা উদযাপন কমিটি,

.....।

বিষয়ঃ আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৩ উপলক্ষ্যে অগ্নিনিরাপত্তা বিষয়ক পরামর্শ প্রদান প্রসংগে।

সূত্রঃ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩-১১০৬৪(৭৬) তারিখঃ ১৮/০৯/২০২৩ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরেও শারদীয় দুর্গাপূজা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে আগামী ২০ অক্টোবর হতে ২৪ অক্টোবর-২০২৩ খ্রিঃ পর্যন্ত উদযাপিত হতে যাচ্ছে। এ উপলক্ষে বাগেরহাট জেলার সকল পূজা মন্ডপ সমূহে যে কোনো অনাকাঙ্ক্ষিত অগ্নি দুর্ঘটনা মোকাবেলার লক্ষ্যে অগ্নিনিরাপত্তামূলক ব্যবস্থা জোরদারের জন্য আপনাকে/আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হল।

পরামর্শ সমূহঃ

১. প্রতিটি পূজামন্ডপে ০৫ কেজি ওজনের ০১টি করে এবিসি ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার রাখতে হবে বালতি/ড্রামে পর্যাপ্ত বালি/পানি মজুদ রাখতে হবে।
২. যে কোনো অগ্নি দুর্ঘটনা তাৎক্ষণিক মোকাবেলার জন্য প্রতিটি পূজামন্ডপে স্বেচ্ছাসেবক দল গঠন করে দায়িত্ব প্রদান করতে হবে।
৩. পূজা মন্ডপে নিরবচ্ছিন্ন ভাবে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে হবে।
৪. পূজা মন্ডপে অগ্নিপ্রতিরোধক/মানসম্পন্ন বৈদ্যুতিক তার বিদ্যুতের লোড অনুযায়ী ব্যবহারসহ অতি দাহ্যবস্তু ব্যবহার হতে বিরত থাকতে হবে এবং আলোক সজ্জার জন্য ব্যবহারকৃত বৈদ্যুতিক ক্যাবল যাতে এলোমেলো অবস্থায় না থাকে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
৫. অসাবধানতাই অগ্নিকান্ডের প্রধান কারণ। তাই প্রতিটি পূজামন্ডপে ধর্মীয় আচারাদির কারণে প্রজ্জ্বলিত মোমবাতি, খোলাবাতি, ধূপবাতি ইত্যাদি সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।
৬. পূজামন্ডপে স্থানীয় ফায়ার সার্ভিসের জরুরী টেলিফোন/সেল নম্বর সহ, হটলাইন নম্বর বড় অক্ষরে দৃশ্যমান স্থানে লিখে রাখতে হবে এবং অনাকাঙ্ক্ষিত অগ্নিদুর্ঘটনা মোকাবেলার জন্য স্থানীয় ফায়ার সার্ভিসকে দ্রুত সংবাদ দিতে হবে।

স্থানীয় ফায়ার সার্ভিসের জরুরী নম্বর সমূহঃ

- (১) খুলনা বিভাগীয় নিয়ন্ত্রন কক্ষ, মোবাঃ ০১৭৩৩০৬২২০৯ (২) বাগেরহাট ফায়ার স্টেশন, টেলিফোন- ০২৪৭৭৭৫১৬৬৬ মোবাঃ ০১৯০১০২২৭৬৮ (৩) মোংলা ইপিজেড ফায়ার স্টেশন টেলিফোন- ০২৪৭৭৭৫৩৯৫১ মোবাঃ ০১৯০১০২২৭৭৪ (৪) মোংলা ফায়ার স্টেশন, মোবাঃ ০১৯০১০২২৭৭২ (৫) মোরেলগঞ্জ ফায়ার স্টেশন, মোবাঃ ০১৯০১০২২৭৭৮ (৬) শরণখোলা ফায়ার স্টেশন মোবাঃ ০১৯০১০২২৭৮২ (৭) মোল্লাহাট ফায়ার স্টেশন মোবাঃ ০১৯০১০২২৭৮৪ (৮) ফকিরহাট ফায়ার স্টেশন মোবাঃ ০১৯০১০২২৭৮৮ (৯) কচুয়া ফায়ার স্টেশন মোবাঃ ০১৯০১০২২৭৯২ (১০) রামপাল ফায়ার স্টেশন মোবাঃ ০১৯০১০২২৭৮৬ (১১) চিতলমারী ফায়ার স্টেশন মোবাঃ ০১৯০১০২২৭৯৪।



মোঃ গোলাম হোসেন  
উপ-সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
বাগেরহাট।

বিতরণঃ

- ০১) জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২) পুলিশ সুপার, বাগেরহাট মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪) সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..... (সকল)।